

**জনাব মুহাম্মদ ওয়াহিদুজ্জামান এনডিসি**, অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর  
উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, যশোর এর কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
**পরিদর্শন প্রতিবেদন**

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০১৬.৯৯.০০১.১৬.৯২/ছ

তারিখ: ১৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি.

০১. অফিসের নাম : উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, যশোর।  
০২. অবস্থান : যশোর শহরের কোতয়ালী মডেল থানাধীন কারবালা রোড মহল্লায় হযরত বোরহানশাহ সড়কের ৫৭/এ, আনোয়ার ম্যানশন ভবনের ১ম ও ২য় তলায় ভাড়া বাড়িতে অবস্থিত।  
০৩. পরিদর্শনের তারিখ : ৩১.০৮.২০২৩ খ্রি.

**০৪. জেলায় জনবল:**

ক্রম	পদবি	অনুমোদিত পদ	কর্মরত	শূন্য	মন্তব্য
০১.	জেন্ডার প্রমোটার	২৪ জন	২৪ জন		
০২.	সংগীত শিক্ষক	১০১ জন	৯৪ জন	০৭	অভয়নগর ০১জন, ঝিকরগাছা ০৪ জন, চৌগাছা ০১জন এবং শার্শা উপজেলায় ০১ জন মোট ০৭জন সংগীত শিক্ষক নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।
০৩.	আবৃত্তি শিক্ষক	১০১ জন	৯৯ জন	০২	চৌগাছা উপজেলায় ০২ জন আবৃত্তি শিক্ষক নিয়োগের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

**০৫: কার্যক্রমসমূহ:**


- ২০১৮-২০১৯ অর্থ বছরে এই কার্যক্রম শুরু হয় এবং ডিসেম্বর ২০২৩ খ্রি মাসে মেয়াদ শেষ হবে;
- প্রকল্প এলাকা: ৮টি বিভাগের ৬৪টি জেলার ৪৫৫৩টি ইউনিয়ন এবং ৩৩০টি পৌরসভাসহ মোট ৪৮৮৩টি ক্লাব গঠন করা; কিন্তু এই জেলায় ৯৩টি ইউনিয়ন এবং ০৮ টি পৌরসভায় মোট ক্লাব সংখ্যা- ১০১ টি। প্রতিটি ক্লাব প্রতি শুরু ও শনিবার ২০ জন কিশোরী ও ১০ কিশোরদের নিয়ে পরিচালনা করা হয়;
- ১০১টি ক্লাবে পাঠ দান করার জন্য জেন্ডার প্রমোটার আছে মোট ২৪ জন, ০১ জন জেন্ডার প্রমোটারের পক্ষে প্রতিদিন ৪/৫ টি ক্লাবে পাঠ দান করা কঠিন। তাই প্রতিদিন ০১জন জেন্ডার প্রমোটারের পক্ষে ২টির বেশী ক্লাবে পাঠ দান করা সম্ভব হয় না;
- ০৩ টি মডিউল, বিভিন্ন ধরনের ম্যাগাজিন এবং গুরুত্বপূর্ণ ব্যক্তিদের জীবনীমূলক বইয়ের মাধ্যমে ক্লাব সদস্যদের প্রশিক্ষণ প্রদান করা হয়;
- বাল্যবিবাহ নিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, কিশোর কিশোরীদের স্বাস্থ্য সচেতনতা, জেন্ডার বৈষম্য দূরীকরণ ইত্যাদি বিষয়ে সচেতন করা হয়;
- কিশোর কিশোরীদের আবৃত্তি, গান, ক্যারাটে, দাবা, লুডু, ক্যারাম খেলা ও বিভিন্ন দিবস উদযাপন করা হয়;

**প্রকল্পের উদ্দেশ্য:**

- সমাজের বিভিন্ন স্তরের প্রান্তিক কিশোর কিশোরীদের জেন্ডার বেইজড ভায়োলেন্স প্রতিরোধে সক্ষম করা এবং **Sexual and Reproductive Health and Rights** বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে তাদের অবস্থানকে দৃঢ় করা।

**সুপারিশসমূহ:**

- ক) জেন্ডার প্রমোটার এর সংখ্যা বৃদ্ধি করার জন্য প্রকল্প পরিচালককে দৃষ্টি আকর্ষণ করা হলো, যাতে ১০১টি ক্লাবে পাঠ দান নিশ্চিত করা যায়। শিক্ষকদের শূন্যপদগুলো দ্রুত পূরণের জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করা হলো।  
খ) কিশোর কিশোরীদের ক্লাবের মাধ্যমে বিভিন্ন সৃজনশীল ও সাংস্কৃতিক কার্যক্রম জোরদার করার জন্য উপপরিচালককে বলা হলো।

  
মুহাম্মদ ওয়াহিদুজ্জামান এনডিসি

অতিরিক্ত সচিব (প্রশাসন)

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়